ছাত্র দল

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

৪৬

# শিবির-ছাত্রদল সংঘর্ষ ॥ সাতক্ষীরা কলেজ বন্ধ ঘোষণা

সাতক্ষীরা সংবাদদাতার তার ॥ গতকাল (বুধবার) সাতক্ষীরা সরকারী কলেজে ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে এক সংঘর্ষে ৪০ জন আহত হয়। তন্মধ্যে কলেজের ভিপি আবদুল কাদেরসহ ৭ জনকে আশংকাজনক অবস্থায় সাতক্ষীরা হাসপাতালে ভর্তি করা হইয়াছে। গত মঙ্গলবার সংঘটিত

(৭ম পৃ: ২-এর ক: দ্র:)

## শিবির-ছাত্রদল

(প্রথম পৃ: পর)

সামান্য ঘটনার জের হিসাবে গতকাল দুইটি ছাত্র সংগঠনের মধ্যে ঘন্টাকাল তুমুল সংঘর্ষ হয়। এই সময় উভয়পক্ষ বোমা, রামদা, লাঠি, ইটপাটকেল ইত্যাদি ব্যবহার করে। এই ঘটনার পর কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে।

ছাত্র দলের নেতারা অভিযোগ করেন, ছাত্র শিবিরের সমর্থকরা কলেজের প্রধান গেট বন্ধ করিয়া বিনা উস্কানিতে ছাত্র দলের কর্মীদের উপর চড়াও হয়। ফলে ছাত্রদল নেতা শাহীনসহ ২৫জন আহত হয়। ছাত্রশিবিরের অভিযোগ হইতেছে, ছাত্রদল এই ঘটনার জন্য দায়ী।

এব্যাপারে থানায় পৃথক দুইটি মামলা রুজু করা হইয়াছে।

### জামায়াতের এমপিদের নিন্দা

এদিকে জামায়াতে ইসলামী নেতা শেখ আনসার আলী এমপি, কাজী শামসুর রহমান এমপি, মাওলানা রিয়াছাত আলী এমপি ও গাজী নজরুল ইসলাম এমপি গতকাল এক যুক্ত বিবৃতিতে ঘটনার নিন্দা করিয়া ছাত্র শিবিরের উপর হামলার জন্য ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই)-কে দায়ী করিয়াছেন।